

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মিরপুর-২, ঢাকা-১২১৯

www.dpe.gov.bd

উদ্ভাবনী (Innovation Idea) ধারণা প্রস্তাবনা (২০২০)

ক্রঃ নং	সাধারণ তথ্যাবলী	
১.	আবেদনকারীর নাম	মোসফেকা বিনতে সুলতান
২.	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম	পিটিআই নারায়ণগঞ্জ।
৩.	ঠিকানা	পিটিআই, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।
৪.	ফোন/মোবাইল নম্বর	০১৯১৩৪৪৮২৩৪
৫.	ই-মেইল	ptinarayanganj@gmail.com
প্রকল্প প্রস্তাবনা		
৬.	প্রকল্পের নাম	মনের কথা বলি
৭.	প্রকল্পের সারাংশ (অনধিক ৫০ শব্দে)	ব্যক্তিগত, পারিবারিক, সমাজিক ও মানসিক বিভিন্ন সমস্যার কথা খুলে বলা।
৮.	প্রকল্পের যৌক্তিকতা	পেশাগত জীবনে চাপ কমানোর লক্ষ্যে।
৯.	প্রকল্পের সুবিধাভোগী	মহিলা প্রশিক্ষণার্থী শিক্ষক।
১০.	সংক্ষেপে প্রকল্পের ফলাফল (Output)	<ul style="list-style-type: none">মহিলা প্রশিক্ষণার্থীদের মধ্যে বন্ধন সুদৃঢ় হবে।মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ঘটানোর মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষায় কাজ করতে সক্ষম হবে।পেশার প্রতি শতভাগ দায়িত্বশীল হয়ে কাজ করতে সমর্থ হবে।বড় ক্ষতির হাত হতে রক্ষা পাবে।
১১.	প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব (Impact)	<ul style="list-style-type: none">শিক্ষক শিশুদের মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করতে উৎসাহিত হবে।শিশু শিক্ষার্থীদের সাথে শিক্ষকের বন্ধন সুদৃঢ় হবে।মানসিক স্বাস্থ্য নিয়ে কিভাবে কাজ করতে হবে তা জানবে।সমস্যাগ্রস্ত শিক্ষার্থী সমস্যা হতে সহজে উত্তরণ লাভ করবে এবং সুস্থ ও স্বাভাবিক মানসিক স্বাস্থ্য লাভ করবে এতে তার শিক্ষা জীবন দীর্ঘ হবে।
১২.	প্রকল্পের মেয়াদ (মাস/বছর)	১ (এক) বছর।

১৩.	পূর্বে আপনার জানামতে এই বিষয়ে কোন প্রকল্প আছে কিনা	নেই।
-----	---	------

১৪.	সংক্ষেপে কর্মপরিকল্পনা (বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকল্প প্রস্তাবনার সাথে সংযুক্ত করুন)	বিজ্ঞপ্তির মাধ্যমে প্রশিক্ষণার্থীদের উক্ত কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করা হবে। যারা স্বেচ্ছায় কথা বলতে আগ্রহী হবেন তারা যোগাযোগ করবেন। মেন্টর মহিলা প্রশিক্ষণার্থীদের সমস্যার কথা শুনে তাদের সর্বপ্রকার গোপনীয়তা রক্ষার মাধ্যমে যত্ন ও সহানুভূতির সাথে সুপরামর্শ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। এক্ষেত্রে মেন্টর হিসেবে সুপার, সহকারী সুপার ও ইন্সট্রাক্টরগণ নিযুক্ত থাকবেন। আগতদের মানসিক স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বই প্রদান করা হবে এবং প্রয়োজনে চিকিৎসকের শরণাপন্ন হতে বলা হবে। যাবতীয় কাজ মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কর্ণারে সম্পাদন করা হবে।
১৫.	কর্মপরিকল্পনার উল্লেখযোগ্য ধাপসমূহ	১। “মনের কথা বলি” প্রশিক্ষণার্থীদের কাছে প্রচারকরণ। ২। এসংক্রান্ত কাজে মেন্টর নিযুক্তকরণ। ৩। প্রতিষ্ঠানে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কর্ণার তৈরীকরণ। ৪। আগত প্রশিক্ষণার্থীদের মধ্য হতে বেশী সমস্যাগ্রস্তদের চিহ্নিতকরণ। ৫। তাদের সর্বপ্রকার গোপনীয়তা রক্ষাকরণে আশ্বস্তকরণ। ৬। মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বইসমূহ প্রদান। ৭। মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চিকিৎসক নিয়োগ। ৮। বেশী সমস্যাগ্রস্তদের চিহ্নিত করে মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চিকিৎসকের শরণাপন্ন হতে বলা।
১৬.	কি কারণে এই প্রকল্পটিকে উদ্ভাবনী (সময়, খরচ ও ভিজিটের আলোকে) বলে গণ্য করা হবে (সংক্ষেপে বর্ণনা করুন)	প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে মানসিক স্বাস্থ্য বিষয়ক পরিকল্পনা গ্রহণকরা অতীব জরুরী। প্রায় ৮০ ভাগ শিক্ষকই মহিলা যারা প্রাথমিক শিক্ষার উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এবং তারা ঘরে বাইরে নানারকম সমস্যার সম্মুখীন হচ্ছে যা তারা অন্যের নিকট বলতে দিখাগ্রস্থ হচ্ছে। এখানে গোপনীয়তা রক্ষা করে সুপরামর্শ দেয়া হবে বলে সমস্যার কথা বলতে উৎসাহিত হবে। এতে তাদের মানসিক স্বাস্থ্যর উন্নয়ন হবে তাই পেশাগত জীবনের উন্নয়ন ও ঘটবে এবং মানসম্মত প্রাথমিক শিক্ষায় কাজ করতে সক্ষম হবে।
১৭.	প্রকল্পটিকে সম্প্রসারণযোগ্য?	হ্যাঁ।
১৮.	প্রকল্পটি কিভাবে টেকসই হবে? (সংক্ষেপে ব্যাখ্যা করুন)	প্রশিক্ষণার্থীরা নিজ স্কুলে যেয়ে সমস্যাগ্রস্থ শিক্ষার্থীদের নিয়ে কাজ করতে পারবে বিধায় প্রকল্পটি স্কুল পর্যায়ে ছড়িয়ে পড়বে এবং টেকসই হবে।
১৯.	প্রকল্পটি বাস্তবায়নে কী কী ঝুঁকির সম্ভাবনা আছে? কিভাবে তা নিরসন করা হবে।	নেই।

২০.	প্রকল্পটি বাস্তবায়নে জনবল পরিকল্পনা (কত জন, কি কাজে কতদিন নিযুক্ত থাকবেন?)	সুপার-০১ জন। সময়কালঃ ১ বছর। সহকারী সুপার ০১ জন। সময়কালঃ ১ বছর। ইন্সট্রাক্টর ০৩ জন। সময়কালঃ ১ বছর। মানসিক স্বাস্থ্য বিষয়ক চিকিৎসক ০১ জন। মাসে ৪ দিন, ১ (এক) বছর।
-----	---	--

প্রয়োজনীয় বাজেট সর্বোচ্চ ৫০,০০০/= টাকা		
২১.	জনবল বাজেট (প্রয়োজ্য ক্ষেত্রে)	৩১,০০০/=
২২.	বাস্তবায়ন বাজেট (প্রয়োজ্য ক্ষেত্রে)	৫০,০০০/=
২৩.	খাতভিত্তিক ব্যয় বিভাজন (প্রদান করলে টিক দিন)	চিকিৎসক ১ জন (মাসিক ৪ কর্মদিবস) ২৪,০০০/= টাকা আয়া ২,০০০/= টাকা আপ্যায়ন ১২,০০০/= টাকা বই ক্রয় ৪,০০০/= টাকা (এককালীন) কর্ণার তৈরী ৩,০০০/= টাকা মেন্টর সম্মানী ৫,০০০/= টাকা (৫ জন)
২৪.	জনবল পরিকল্পনা (বিস্তারিত)	সুপার-০১ জন, সহকারী সুপার ০১ জন, ইন্সট্রাক্টর ০৩ জন, মানসিক স্বাস্থ্য বিষয়ক চিকিৎসক ০১ জন।
২৫.	সময়, আবদ্ধ কর্মপরিকল্পনা (বিস্তারিত)	১ (এক বছর)।
২৬.	প্রত্যাশিত ফলাফল ও প্রভাব (বিস্তারিত)	<ul style="list-style-type: none"> ● প্রশিক্ষক-মহিলা প্রশিক্ষার্থীদের মধ্যে বন্ধন সুদৃঢ় হবে। ● মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ঘটান মাধ্যমে মানসম্মত প্রাথমিক শিক্ষায় কাজ করতে সক্ষম হবে। ● শিশুদের মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করতে উৎসাহিত হবে। ● শিশু শিক্ষার্থীদের সাথে শিক্ষকের বন্ধন সুদৃঢ় হবে। ● মানসিক স্বাস্থ্য নিয়ে কিভাবে কাজ করতে হবে তা জানবে। ● পেশার প্রতি শতভাগ দায়িত্বশীল হয়ে কাজ করতে সমর্থ হবে।
২৭.	অন্যান্য (বিষয় লিখুন)	সুস্থ মানসিকতা সম্পন্ন শিক্ষক-ই পারে মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখতে।